ভোরের কাগজ

তারিখ ... ... OCT 1 1 1999 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ৫ ......

07

# শিক্ষামন্ত্রী সমীপে বিনীত অনুরোধ

আমাদের শিক্ষাব্যবস্থায় অনেক ত্রুটি থাকার ফলে বিশেষ করে এইচএসসি লেভেলে অনেক ছাত্রছাত্রী একাধিকবার খারাপ করে বা করছে। লেখাপড়ার ইচ্ছা থাকা সত্ত্বেও শত শত ছাত্রছাত্রী চিরতরে লেখাপড়া বন্ধ করতে বাধ্য হচ্ছে। শিক্ষাব্যবস্থায় দেরি করে হলেও ২০০০ সালের দিকে রেফার্ড পরীক্ষা পদ্ধতিতে বিভাগ দেওয়া মানসম্মত এবং যুগোপযোগী উদ্যোগ। ফলে হাজার হাজর ছাত্রছাত্রী উপকৃত হবে।

১৯৯৯ সালের এইচএসসি পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করে আমরা পদার্থবিজ্ঞান প্রথমপত্র এবং রসায়ন প্রথমপত্র কয়েকটি নম্বরের জন্য খারাপ করে মানসিকভাবে চরম বিপর্যস্ত হয়ে পড়ি এবং রেফার্ড পরীক্ষা পদ্ধতিতেও চান্স হারিয়ে আমরা এখন খুবই কষ্টে আছি।

মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আকুল আবেদন, এ বছর থেকে নতুন সিলেবাস হওয়ায় পুরোনো সিলেবাসে রেফার্ড পরীক্ষায় দুই বিষয়ে পরীক্ষা নেওয়া হোক। আমরা আশা করি, দুই বিষয়ে পরীক্ষা নিয়ে আমাদের এই দুরবস্থা থেকে উদ্ধার করবেন।

আপর্না, স্বর্না, সমি
চট্টগ্রাম মহিলা কলেজ।

...ION AND STATISTICS
SHEET ___ OF ___ SHEETS
3. SYSTEM
4. DATE
70 71 72 73 74 75 76 77 78 79 80